

🗏 আল-ইনসান (আদ-দাহর) | Al-Insan | ٱلْإِنْسَان

আয়াতঃ ৭৬: ১৪

া আরবি মূল আয়াত:

وَ دَانِيَةً عَلَيهِم ظِلْلُهَا وَ ذُلِّلَت قُطُوفُهَا تَذلِيلًا ﴿١٢﴾

তাদের উপর সন্নিহিত থাকবে উদ্যানের ছায়া এবং তার ফলমূলের থোকাসমূহ তাদের সম্পূর্ণ আয়ত্তাধীন করা হবে। — আল-বায়ান

জান্নাতের বৃক্ষরাজির ছায়া তাদের উপর থাকবে, আর ফলের গুচ্ছ একেবারে তাদের নাগালের মধ্যে রাখা হবে। — তাইসিরুল

উহার বৃক্ষছায়া তাদের উপর ঝুকে থাকবে এবং এর ফলমূল সম্পূর্ণ রূপে তাদের নাগালের মধ্যে থাকবে। — মুজিবুর রহমান

And near above them are its shades, and its [fruit] to be picked will be lowered in compliance. — Sahih International

১৪. আর তাদের উপর সন্নিহিত থাকবে গাছের ছায়া এবং তার ফলমূলের থোকাসমূহ সম্পূর্ণরূপে তাদের আয়ন্তাধীন করা হবে।

তাফসীরে জাকারিয়া

- (১৪) সন্নিহিত বৃক্ষছায়া তাদের উপর থাকবে[1] এবং ওর ফলমূল সম্পূর্ণরূপে তাদের আয়ত্তাধীন করা হবে। [2]
 - [1] সেখানে সূর্যের তাপ থাকবে না। তা সত্ত্বেও গাছের ছায়া তাদের প্রতি ঝুঁকে থাকবে অথবা এর অর্থ হল, গাছের শাখাণ্ডলো তাদের অনেক কাছে হবে।
 - [2] অর্থাৎ, গাছের ফল আজ্ঞাবহ দাসের মত অপেক্ষায় থাকবে। মানুষের যখনই তা খাবার ইচ্ছা জাগবে, তখনই তা (ফল) নুয়ে এত নিকটে হয়ে যাবে যে, তারা বসে বসে অথবা শুয়ে শুয়ে তা নিয়ে খেতে পারবে। (ইবনে কাসীর)

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5605

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন